

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৩৮

১/ বিবিধ

আরবী

الجالس وسط الحلقة ملعون ضعيف

رواه القطيعي في جزء " الألف دينار " (1 / 16 / 2) من طريق شريك عن شعبة وهمام عن قتادة عن أبي مجلز عن حذيفة رفعه. قلت: وهذا إسناد ضعيف، وله علتان: الأولى: شريك وهو ابن عبد الله القاضي، قال الحافظ: " يخطيء كثيرا تغير حفظه منذ ولي القضاء بالكوفة ". قلت: وقد توبع، لكنه خولف في لفظه كما يأتي. الثانية: الانقطاع بين أبي مجلز وحذيفة فإنه لم يسمع منه كما قال ابن معين، بل قال أحمد: إنه لم يدركه كما يأتي. وقد تابع شريكا عبد الله بن المبارك. أخرجه الترمذي (4 / 7) بلفظ: " قال حذيفة: ملعون على لسان محمد، أولعن الله على لسان محمد صلى الله عليه وسلم، من قعد وسط الحلقة وهكذا أخرجه الحاكم أيضا (4 / 281) وأحمد (5 / 384، 398، 401) عن شعبة به وقال الترمذي: " حديث حسن صحيح ". والحاكم: " صحيح على شرط الشيخين " ووافقه الذهبي! قلت: وقد نهلوا جميعا عن الانقطاع الذي ذكرناه، وبه أعله أحمد، فإنه روى بسند الصحيح عن شعبة أنه قال عقب الحديث: " لم يدرك أبو مجلز حذيفة ". قلت: وتابع شعبة أبان بن يزيد العطار، أخرجه أبو داود (2 / 292) وابن عدي في " الكامل " (1 / 26) بلفظ: " أن رسول الله صلى الله عليه وسلم لعن من جلس وسط الحلقة

والحديث أورده السيوطي في " الدرر المنتثرة " (ص 139) بلفظ القطيعي ثم قال: " رواه أبو داود والترمذي عن حذيفة بن اليمان ". كذا قال وفيه موأخذتان: الأولى: أن هذا ليس لفظهما كما سبق. الثانية: أنه سكت عن سنده وهو ضعيف

বাংলা

৬৩৮। যে ব্যক্তি মজলিসের মধ্যে বসবে সে অভিশপ্ত।

হাদীছটি দুর্বল।

এটিকে আল-কুতায়কী "আল-আলফু দীনার" (১/১৬/২) গ্রন্থে শুরায়িক সূত্রে শু'বা হতে তিনি হুমাম হতে তিনি কাতাদা হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ দুটি কারণে সনদটি দুর্বলঃ

১। শুরায়িক হচ্ছেন ইবনু আবদিব্লাহ আল-কাযী- তার সম্পর্কে হাফয ইবনু হাজার বলেনঃ তিনি বহু ভুল করতেন। যখন তাকে কুফায় কাযী হিসাবে নিয়োগ দেয়া হয় তখন হতে তার মুখস্থ বিদ্যায় পরিবর্তন ঘটেছিল।

আমি (আলবানী) বলছিঃ তার মুতাবা'য়াত করা হয়েছে। তবে শব্দে হেরফের রয়েছে।

২। সনদে আবু মিজলায এবং হুযায়ফার মধ্যে বিচ্ছিন্নতা সংঘটিত হয়েছে। কারণ আবু মিজলায হুযায়ফা হতে শ্রবণ করেননি, যেমনটি ইবনু মাঈন বলেছেন। বরং ইমাম আহমাদ বলেনঃ মিজলাযের তার সাথে সাক্ষাতই ঘটেনি।

আব্দুল্লাহ ইবনুল মুবারাক শুরায়িকের মুতাবা'য়াত করেছেন। যেটি ইমাম তিরমিযী (৪/৭) নিম্নলিখিত ভাষায় বর্ণনা করেছেনঃ

হুযায়ফা (রাঃ) বলেনঃ মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ভাষায় সেই ব্যক্তি অভিশপ্ত কিংবা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ভাষায় সেই ব্যক্তির উপর আল্লাহর অভিশাপ যে ব্যক্তি মজলিসের মধ্য স্থলে বসল। অনুরূপভাবে হাকিম (৪/২৮১), আহমাদ (৫/৩৮৪, ৩৯৮, ৪০১) শু'বা হতে বর্ণনা করেছেন।

তিরমিযী বলেছেনঃ হাদীছটি হাসান সহীহ। হাকিম বলেনঃ হাদীছটি শাইখায়নের শর্তানুযায়ী সহীহ। ইমাম যাহাবীও তার মতই মত দিয়েছেন!

আমি (আলবানী) বলছিঃ তারা সকলে উল্লেখিত বিচ্ছিন্নতাকে ভুলে গেছেন। তা দ্বারা ইমাম আহমাদও হাদীছটির

সমস্যা বর্ণনা করেছেন। কারণ তিনি সহীহ সনদে শু'বার উদ্ধৃতিতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ আবু মিজলায হুযায়ফা হতে শ্রবণ করেননি।

হাদিসটি আবু দাউদ ও তিরমিযী ভিন্ন ভিন্ন ভাষায় বর্ণনা করেছেন। কিন্তু সেটিও দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71517>

📖 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন